

সরকারি হাইস্কুলে ভর্তি কার্যক্রম শুরু আজ

নিজস্ব বার্তা পরিবেশক

আজ রাত ১২টায় শুরু হচ্ছে রাজধানীর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ২০১৭ শিক্ষাবর্ষে ভর্তির আবেদন ফরমপূরণ কার্যক্রম। অনলাইনে এ কার্যক্রম চলবে আগামী ১২ ডিসেম্বর রাত ১২টা পর্যন্ত। এবার ঢাকার ৩৫টি সরকারি হাইস্কুলে ছাত্রছাত্রী ভর্তির জন্য তিন গ্রুপে পর্যাক্রমে ১৭, ১৮ ও ১৯ ডিসেম্বর লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। আর প্রথম শ্রেণীতে ভর্তির লটারি ৩ অনুষ্ঠিত হবে ২৪ ডিসেম্বর। ঢাকার ১৪টি সরকারি হাইস্কুলে প্রথম শ্রেণী আছে। এ ব্যাপারে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের (মাউশি) উপ-পরিচালক (মাধ্যমিক) একেএম মোস্তফা কামাল সরকারি : পৃষ্ঠা : ১৫ ক : ৪

সরকারি : হাইস্কুলে

(১ম পৃষ্ঠার পর)

জ্ঞানান, '৩০ নভেম্বর রাত ১২টা থেকে ঢাকার ৩৫টি সরকারি হাইস্কুলে ভর্তির আবেদন ফরম বিতরণ শুরু হবে। এবার প্রতি আবেদন ফরমের মূল্য ১৫০ টাকা। মাউশি অধিদফতরের ওয়েবসাইটে (www.mde.gov.bd) ভর্তি প্রক্রিয়ার সকল তথ্য দেয়া হয়েছে।' ঢাকার সরকারি স্কুলগুলোকে প্রতি বছরের মতো এবারও তিন গ্রুপে ভাগ করা হয়েছে। 'ক' 'খ' ও 'গ'। ১৭ তারিখে 'ক', ১৮ তারিখে 'খ' ও ১৯ তারিখে অনুষ্ঠিত হবে 'গ' গ্রুপের স্কুলগুলোর ভর্তি পরীক্ষা। স্কুলগুলোকে তিনটি স্তরে করে দ্বিতীয় শ্রেণী থেকে নবম শ্রেণী পর্যন্ত ভর্তি পরীক্ষা নেয়া হবে। একজন প্রার্থী একটি গ্রুপ থেকে সর্বোচ্চ একটি করে অর্থাৎ তিন গ্রুপ থেকে তিনটি স্কুলের জন্য আবেদন করতে পারবে। দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীতে গত বছরের মতোই ৫০ নম্বরের এক ঘণ্টার ভর্তি পরীক্ষা নেয়া হবে। চতুর্থ থেকে অষ্টম শ্রেণীতে ১০০ নম্বরের ২ ঘণ্টার পরীক্ষা নেয়া হবে। এবারও জেএসসি ও জেডিসি পরীক্ষার ফলের ভিত্তিতেই নবম শ্রেণীতে শিক্ষার্থী ভর্তি করা হবে। দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীতে বাংলা ১৫, ইংরেজি ১৫ ও গণিতে ২০ নম্বর করে মোট ৫০ নম্বরের এক ঘণ্টার এবং অন্যান্য শ্রেণীতে বাংলা ৩০, ইংরেজি ৩০ ও গণিতে ৪০ নম্বর করে মোট ১০০ নম্বরের ২ ঘণ্টার পরীক্ষা নেয়া হবে।

রাজধানীতে প্রথম শ্রেণী থাকা ১৪ সরকারি স্কুল

ঢাকা মহানগরীর ১৪টি সরকারি হাইস্কুলে প্রথম শ্রেণীতে ভর্তি নেয়া হবে লটারির মাধ্যমে। স্কুলগুলো হচ্ছে- গভর্নমেন্ট ল্যাবরেটরি স্কুল, ধানমন্ডি ব্যেঞ্জ হাইস্কুল, আজিমপুর গার্লস স্কুল, মতিঝিল বালক উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর সরকারি বালক উচ্চ বিদ্যালয় ও শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, বিজ্ঞান কলেজ সংযুক্ত হাইস্কুল, নারিন্দা সরকারি উচ্চ বিদ্যালয়, মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়, তেজগাঁও বালিকা উচ্চ বিদ্যালয়, তেজগাঁও বালক উচ্চ বিদ্যালয়, খিলগাঁও সরকারি উচ্চ বিদ্যালয় এবং বাংলাবাজার সরকারি উচ্চ বিদ্যালয়। এছাড়া জেলা ও উপজেলা পর্যায়ে দেশের সকল সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে এবার টেলিটক মোবাইল ফোনে অনলাইনে ভর্তির আবেদন নেয়া হবে। আর যেসব উপজেলার স্কুলে বিদ্যুৎ ও ইন্টারনেট সেবা পর্যাপ্ত নয়, সেসব প্রতিষ্ঠান পরিচালনা পরিষদ সিদ্ধান্ত নিয়ে বিকল্প পদ্ধতিতে ভর্তি কার্যক্রম পরিচালনা করতে পারবে। ভর্তি নীতিমালা অনুযায়ী এবারও ঢাকা মহানগরীর সরকারি ও বেসরকারি স্কুলে ভর্তিতে নিজ নিজ এলাকার জন্য ৪০ শতাংশ কোটা বরাদ্দ থাকবে। অবশিষ্ট আসন সবার জন্য উন্মুক্ত থাকবে। সরকারি স্কুলের ক্যাচমেন্ট এরিয়া নির্ধারণ করে দেবে মাউশি। এছাড়া ৪০ শতাংশ এলাকা কোটার বাইরেও এবার ৫ শতাংশ মুক্তিযোদ্ধা কোটা, ২ শতাংশ প্রতিবন্ধী, এক শতাংশ লিঙ্গাহ বোর্ডিংয়ের শিশু ও দুই শতাংশ কোটা শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীর সন্তানদের জন্য সংরক্ষিত থাকবে।